আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বললাম, সূরা হজে কি দুটি সেজদাহ রয়েছে? সে বলল, হ্যাঁ। আর যে ব্যক্তি সেজদাহ দুইটি না করবে সে যেন সে দুটি তিলাওয়া না করে।

‘উকবা ইবন ‘আমের রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত: তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বললাম, সূরা হজে কি দুটি সেজদাহ রয়েছে? সে বলল, “হ্যাঁ। আর যে ব্যক্তি সেজদাহ দুইটি না করবে সে যেন সে দুটি তিলাওয়া না করে”।
[সহীহ] [এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

এ হাদীসটিতে উকবাহ ইবন আমের রাদিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সূরা হাজ বিষয়ে জিজ্ঞাসা করে জানতে চান যে, তাতে কি দুটি সেজদা আছে? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাহ তাকে হ্যাঁ বলে উত্তর দিয়ে জানিয়ে দেন যে, তাতে দুটি সেজদা আছে। তারপর তিনি তাকে আরেকটি বিধান জানিয়ে দেন যে, যে সেজদা করবে না সে যেন আয়াত দুটি তিলাওয়াত না করে। অর্থাৎ যে ব্যক্তি এ দুটি আয়াত পর্যন্ত এসে পৌঁছবে এবং সেজদা করার ইচ্ছা তার নাই, তাহলে সে তা পড়বে না। এ নিষেধ করাটি হারামের জন্য নয়। তবে মাকরুহের জন্য। তিলাওয়াতের সেজদা সুন্নাত।

https://sunnah.global/hadeeth/bn/show/11241